কোয়ারেন্টিন শেষে কিশোরীকে বিয়ে, সৌদি প্রবাসীর জরিমানা

হোম কোয়ারেন্টিন শেষ হওয়ার তিন দিন পর এক কিশোরীকে (১৭) বিয়ে করায় রাসেল নামে এক সৌদি প্রবাসীকে জরিমানা করা হয়েছে।

সম্প্রতি ঢাকার দোহার উপজেলার উত্তর জয়পাড়া গ্রামে এ ঘটনা ঘটেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, উত্তর জয়পাড়া গ্রামের শুকুর আলীর ছেলে মো. রাসেল গত ৮ মার্চ সৌদি আরব থেকে দেশে আসেন। এর পর তিনি ১৪ দিনের হোম কোয়ারেন্টিনে ছিলেন।

গত শনিবার তার হোম কোয়ারেন্টিন শেষ হয়। এর তিন দিন পর কিশোরীকে বিয়ে করেন রাসেল।

পরে খবর পেয়ে বুধবার রাত ১১টার দিকে রাসেলের বাসায় অভিযান চালান ভ্রাম্যমাণ আদালত।

দোহার উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জ্যোতি বিকাশ চন্দ্রের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়।

জ্যোতি বিকাশ চন্দ্র বলেন, বাল্যবিয়ে নিরোধ আইনে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়েছে রাসেলকে। একই সঙ্গে কনের বয়স ১৮ বছর না হওয়া পর্যন্ত তাকে বাবার বাড়িতে রাখার এবং তার সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপন না করার শর্তে উভয় পরিবারের কাছ থেকে মুচলেকা নিয়ে রাসেলকে মুক্তি দেয়া হয়।

সুত্র-যুগান্তর

করোনা থেকে মুক্তি পেতে মসজিদে মসজিদে আজানের ধ্বনি

করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধ এবং এই রোগ থেকে মুক্তি পেতে নোয়াখালীর বিভিন্ন মসজিদে আজান দিয়েছেন মুয়াজ্জিনরা।

বৃহস্পতিবার রাত সাড়ে ১০টা থেকে ১২টা পর্যন্ত তাদের কণ্ঠে ভেসে আসে আজানের সুমধুর ধ্বনি।

খোঁজ নিয়ে জানা গেছে, রাত সাড়ে ১০টার পর জেলার কোম্পানীগঞ্জ, বেগমগঞ্জ, চাটখিল, সোনাইমুড়ী, সেনবাগ, কবিরহাট, সুবর্ণচর, সদর ও হাতিয়া উপজেলার বিভিন্ন মসজিদের মাইক থেকে থেমে থেমে আজান শুরু হয়।

তবে অসময়ে আজানের ধ্বনি শুনে অনেকেই চমকে ওঠেন। কেন কী কারণে রাতে আজান দেয়া হলো, সে বিষয়ে জানতে অনেকেই সাংবাদিক ও পুলিশ প্রশাসনকে ফোন করে খবর নেন।

চাটখিল পৌরসভার ২নং ওয়ার্ডের সুন্দরপুর মহল্লার বাসিন্দা নুর মোহাম্মদ বলেন, রাত ১১টার পর হঠাৎ করে বেশ কয়েকটি মসজিদ থেকে আজানের সুর ভেসে আসে। বিশেষ করে রাত ১১টার পর আজান দেয়ায় অনেকেই দ্বিধাদ্বন্দ্বে পড়ে যান।

কবিরহাট উপজেলার নরোত্তমপুরের বাসিন্দা মো. গিয়াস উদ্দিন জানান, তিনি ঘুমানোর জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন সময় পদুয়া মসজিদ থেকে আজানের ধ্বনি শুনতে পান। এর কিছুক্ষণ পর আরও কয়েকটি মসজিদ থেকেও আজানের ধ্বনি আসতে থাকে।

কোম্পানীগঞ্জ উপজেলার বাসিন্দা কামাল হোসেন বলেন, বৃহস্পতিবার রাতে চট্টগ্রাম থেকে কোনো এক মাওলানা জানিয়েছেন জেলার সব

মসজিদ থেকে একযোগে আজান দিলে এবং কালোজিরা দিয়ে লাল চা খেলে করোনাভাইরাস সংক্রমণ থেকে রেহাই পাওয়া যাবে। তাই

জেলার বিভিন্ন উপজেলার মসজিদ থেকে একযোগে আজান দেয়া শুরু হয়েছে। চাটখিল পৌরসভার ফতেহপুর মহল্লার বাইতুল ফালাহ জামে মসজিদের খতিব নাসির উদ্দিন জানান, তার মসজিদের মুয়াজ্জিন রাত ১১টার দিকে ফোন করে আজান দেয়ার অনুমতি চাইলে তিনি নিষেধ করেন।

কারণ হিসেবে তিনি বলেন, স্থানীয় প্রশাসনের অনুমতি ছাড়া এ ধরনের আজান দেয়া আইনত অপরাধ। যেসব মসজিদ থেকে আজান দেয়া হয়েছে, প্রশাসন চাইলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে পারবেন। আর এ ধরনের আজানের ধর্মীয় কোনো ভিত্তি আছে বলেও তার জানা নেই।

সুত্র-যুগান্তর

সিলেটে দোকান বন্ধ করতে বলায় পুলিশের উপর হামলার চেষ্টা!

সিলেটের কানাইঘাটে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান ছাড়া বাকি সবধরণের ব্যবসায় প্রতিষ্ঠান বন্ধ করতে বলায় পুলিশের উপর হামলার চেষ্টা চালিয়েছেন ব্যবসায়ীরা। ব্যবসায়ীদের মারমুখি আচরণে ফিরে আসতে হয়েছে পুলিশ সদস্যদের।

আজ বৃহস্পতিবার বেলা ১টার দিকে কানাইঘাট উপজেলার চতুল বাজারে এ ঘটনা ঘটে।

কানাইঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামসুদ্দোহা জানান, সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে চতুল বাজারে সবধরনের দোকানপাট খুলে রাখেন ব্যবসায়ীরা। বেলা ১টার দিকে বাজার ব্যবসায়ী সমিতির সভাপতিকে সাথে নিয়ে পুলিশ নিত্যপ্রয়োজনীয় পণ্য, ফার্মেসি ও কাঁচাবাজার ছাড়া বাকি সবধরণের ব্যবসায় প্রতিষ্ঠান বন্ধ করার নির্দেশ দেয়।
এতে ক্ষেপে যান বাজারের ব্যবসায়ীরা। তারা দোকানপাট বন্ধ করতে অস্বীকৃতি জানান। একপর্যায়ে তারা পুলিশের উপর হামলারও চেষ্টা করেন।

এদিকে, ব্যবসায়ীদের মারমুখি আচরণের কারণে বাজার থেকে ফিরে আসেন পুলিশ সদস্যরা। বাজার কমিটির নেতারা ব্যবসায়ীদের বুঝিয়ে

দোকানপাট বন্ধ রাখার চেষ্টা করছেন।

তবে ব্যবসায়ীরা সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে দোকানপাট খোলা রাখার চেষ্টা করলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানান ওসি।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

খালেদা জিয়ার চিকিৎসা তদারকি করবেন পুত্রবধূ জোবায়দা

আজ বৃহস্পতিবার (২৬ মার্চ) থেকে ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকবেন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। তার চিকিৎসার সার্বিক তদারকি করবেন পূত্রবধূ ডা. জোবায়দা রহমান। পরিবারের সদস্য ও দলীয় নেতাকর্মীদের সাথে কাছে পেয়ে তিনি মানসিকভাবে অনেকটাই শক্তিশালী বোধ করছেন বলে জানালেন বিএনপি নেতারা।

দীর্ঘ ২ বছরের বেশি সময় পর বাড়ি ফিরেছেন বেগম খালেদা জিয়া। করোনাভাইরাস পরিস্থিতি বিবেচনায় গুলশানের বাসভবন ফিরোজায় হোম কোয়ারেন্টাইনে রয়েছেন বিএনপি নেত্রী। তাকে বাসাতেই চিকিৎসা দেয়া হবে বলে জানিয়েছেন ছোট বোন সেলিমা ইসলাম।

টেলিফোনে তিনি বলেন, উনার তো শ্বাসকষ্ট হচ্ছে, কথা বলতে পারছেন না, উঠে দাঁড়াতে পারছেন না। হাঁটতে পারছেননা, বসে থাকতেও বেশিক্ষণ পারছেন না, গায়ে হাত দিলেই ব্যথা লাগছে তার। খাওয়া দাওয়াও করতে পারছেন না, খেলেই বমি হয়ে যাচ্ছে। মুভ করানোর মতো অবস্থা নাই। তারও মতামত বাসাতেই থাকবেন।
বিএনপি চেয়ারপার্সনের চিকিৎসার সার্বিক বিষয়ে তত্ত্বাবধান করছেন পুত্রবধূ ড. জোবায়দা রহমান। চিকিৎসা করছে দলের গঠিত মেডিকেল বোর্ড।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম বলেন, অন্য যেসব চিকিৎসকরা আগে তাকে দেখতেন, তাদেরকে দিয়েই এই বোর্ড করা হয়েছে।

বুধবার প্রায় দুই ঘণ্টা পর্যবেক্ষণ শেষে আগের চিকিৎসা অব্যাহত রাখার পাশাপাশি ১৪ দিন হোম কোয়ারেন্টাইনে থাকার পরার্মশ দেয় ৬ সদস্যের মেডিকেল বোর্ড।

পরিবার ও দলীয় নেতাকর্মীদের দেখার পর মানসিকভাবে অনেকটাই চাঙা হয়ে উঠেছেন বলে জানালেন বিএনপির ভাইস চেয়াম্যান ডা. এ জেড এম জাহিদ।

তিনি বলেন, কোয়ারেন্টাইনে যে সমস্ত প্যারামিটার থাকে সেগুলো দেখার জন্য উনার ব্যক্তিগত চিকিৎসক আছেন, নার্স আছে। তারাই উনাকে দেখাশোনা করবেন। বিএসএমএমইউ-তে যে চিকিৎসা দেয়া হচ্ছিল সেগুলোই কিছুটা মডিফাই করে ঠিক করা হয়েছে। বাকিটা একই আছে। মানসিকভাবে পরিবারের সদস্যদের কাছে পেয়ে হয়তো কিছুটা ভালো আছেন, শারীরিকভাবে কিন্তু তিনি সত্যিই খুব খারাপ অবস্থায় আছেন।

দুর্নীতির দুই মামলায় ২ বছরের বেশি সময় সাজাভোগের পর শর্তসাপেক্ষে ৬ মাসের জন্য মুক্তি পান বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া।

সূত্র: সময়টিভি।

দেশে করোনাভাইরাসে নতুন আক্রান্ত ৫

প্রাণঘাতী করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় নতুন করে পাঁচজন আক্রান্ত হয়েছেন বলে জানিয়েছে জাতীয় রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান(আইইডিসিআর)।

বৃহস্পতিবার বিকালে করোনাভাইরাস সংক্রান্ত অনলাইন লাইভ ব্রিফিংয়ে প্রতিষ্ঠানটির পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা বলেন, নতুন আক্রান্তদের সবাই পুরুষ। এ নিয়ে সর্বমোট রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৪৪ জনে।

এছাড়া সর্বমোট ১১ জন রোগী সুস্থ হয়ে ফিরে গেছেন বলেও জানিয়েছেন

এই অধ্যাপক। তিনি বলেন, নতুন পাঁচজনের একজন বিদেশ থেকে আসা। আর তিনজন আগেই চিহ্নিত রোগীর সংস্পর্শে এসেছেন। একজনের আক্রান্ত হওয়ার ব্যাপারে বিস্তারিত অনুসন্ধান চলছে।

তিনি বলেন, কোভিড-১৯ ভাইরাস প্রতিরোধে কাশির শিষ্টাচার মেনে চলতে হবে। ঘন ঘন সাবান পানি দিয়ে হাত ধুয়ে ফেলতে হবে। অপরিষ্কার হাতে নাক-মুখ-চোখ স্পর্শ করা যাবে না।

২ জনকে গুলি করে হত্যা,লকডাউন অমান্য

করোনাভাইরাসের প্রকোপ কমাতে দেশব্যাপী ঘোষিত লকডাউন অমান্য করে বাড়ির বাইরে আসায় রুয়ান্ডায় দুই যুবককে গুলি করে হত্যা করেছে পুলিশ। গতকাল বুধবার এ ঘটনা ঘটে।

ওয়াশিংটন পোস্টের খবরে জানানো হয়, রুয়ান্ডা ন্যাশনাল পুলিশের মুখপাত্র জন বস্কো ক্যাবেরা বলেন, নিহত দুই যুবক পুলিশের সঙ্গে ধস্তাধস্তি শুরু করেন। এরপর গুলি করা হয়।

পূর্ব আফ্রিকার দেশগুলোর মধ্যে রুয়ান্ডার করোনাভাইরাসে আক্রান্ত মানুষের সংখ্যা সবচেয়ে বেশি। আর উপসাহারা অঞ্চলের দেশের মধ্যে এখানেই প্রথম করোনাভাইরাসের সংক্রমণ রোধে লকডাউন ঘোষণা করা হয়। সপ্তাহব্যাপী লকডাউন শুরু হয় গত রোববার থেকে। শুধু জরুরি পরিষেবাগুলো এ সময় চালু আছে।

Lifebuoy Soap
রুয়ান্ডা থেকে পেরু, জর্ডান থেকে ইতালি—বিশ্বের বিভিন্ন দেশে লকডাউনের বিষয় নিশ্চিত করতে নিরাপত্তা বাহিনী মোতায়েন করেছে।

অনলাইন ডেস্ক প্রথম আলো

বকেয়া বেতনের দাবিতে বিক্ষোভ, পুলিশের গুলিতে নিহত ১

দিনাজপুরের বিরল উপজেলায় বকেয়া বেতনের দাবিতে পাটকলশ্রমিকদের বিক্ষোভের সময় গুলিতে একজন নিহত হয়েছেন। আহত হয়েছেন ১০ থেকে ১২ জন। গতকাল বুধবার রাত সাড়ে ১০ টার দিকে উপজেলার বিরল ইউনিয়নের রবিপুর গ্রামে পাটকলের প্রধান ফটকে এই ঘটনা ঘটে।

নিহত ব্যক্তির নাম সুরত আলী (৩৬)। তিনি পাটকলের পাশের চায়ের দোকানি ও বিরল পৌর এলাকার হোসনা গ্রামের মোহাম্মদ আলীর ছেলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, প্রায় তিন সপ্তাহের বকেয়া বেতনের দাবিতে বুধবার সন্ধ্যা থেকে রূপালী জুট মিলের সামনে শ্রমিকেরা বিক্ষোভ শুরু করেন। সন্ধ্যা থেকে আলোচনার মাধ্যমে সমঝোতার চেষ্টা করেন মিলের ব্যবস্থাপনা পরিচালক এম আব্দুল লতিফ। পরে এম আব্দুল লতিফ ঘটনাস্থলে এসে শ্রমিকদের শান্ত করার চেষ্টা করেন। কিন্তু শ্রমিকেরা উত্তেজিত হয়ে মিলের কার্যালয় ভাঙচুর শুরু করেন। এ সময় পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে গুলি ছোড়ে ও কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে।

বিরল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ নাসিম হাবিব এক ব্যক্তির নিহত হওয়ার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, শ্রমিকদের হামলায় ৩ পুলিশ সদস্যও আহত হয়েছেন। শ্রমিকদের শান্ত করার চেষ্টা করা হয়েছে। পুলিশের কথায় কর্ণপাত না করে তাঁরা কারখানা ভাঙচুর করেছিলেন। পুলিশ বাধা দিলে একপর্যায়ে উল্টো পুলিশের ওপর ইটপাটকেল ছুড়তে শুরু করেন শ্রমিকেরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ প্রথমে কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে এবং পরে কয়েকটি ফাঁকা গুলি ছোড়ে। এ সময় উভয় পক্ষের হামলায় একজনের মৃত্যু হয়েছে।
বিরল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো. আব্দুল মোকাদ্দেস আজ বৃহস্পতিবার সকালে জানান, একজনকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়েছে। নিহত ব্যক্তির থুতনিতে একটি গুলির চিহ্ন পাওয়া গেছে। লাশ ময়নাতদন্তের জন্য দিনাজপুর এম. আব্দুর রহিম

মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

সূত্র: প্রথম আলো#

মেহেরপুরে যে কোন সময় সেনাবাহিনী , শহর ফাঁকা

প্রায় এক মাস আগে চীনে নতুন করোনাভাইরাসের সংক্রমণ শুরু হওয়ার পর এখন তা ছড়িয়ে পড়েছে সারা বিশ্ব । এই ভাইরাসের সংক্রমণ আরও কতটা ব্যাপকভাবে ছড়াতে পারে এবং কত মানুষ এতে আক্রান্ত হতে পারে তা নিয়ে চিন্তিত বিশেষজ্ঞরা।

এখনো এটিকে বিশ্ব মহামারী বলে ঘোষণা করা হয়নি। কিন্তু বিশ্বকে এই করোনাভাইরাসের এক মহামারীর মুখোমুখি হতে হবে- এমন আশংকায় কর্মকর্তারা এখন থেকেই প্রস্তুতি নিতে শুরু করেছেন। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও ঘনীভূত করোনাভাইরাস আতঙ্ক।

করোনা ভাইরাস সংক্রমণ এড়াতে গত ২৫ থেকে দেশের সুপার মার্কেট ও ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ । তবে কাঁচাবাজার, মুদি দোকান, ফার্মেসি এবং নিত্যপণ্যপর দোকান খোলা আছে।

এর ধারাবাহিকতায় বন্ধের দ্বিতীয় দিনে মেহেরপুরে সকল প্রকার ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বৃহস্পতির সকালে মেহেরপুর শহরের প্রতিটি এলাকায় ঘুরে দেখা গেছে সকল প্রকার দোকানপাট বন্ধ রাখতে।

এদিকে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মেহেরপুর শহরের সকল ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় মূল শহর একেবারে ফাঁকা অবস্থা বিরাজ করছে। শহরে সকল প্রকার ইজিবাইক ও রিকশা চলাচল করলেও তাতে যাত্রী সংখ্যা খুবই কম দেখা গেছে।

করোনা ভাইরাসের কারণে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান অনাড়ম্বরভাবে পালিত হয়েছে। মানুষজনকে খুব একটা ঘরের বাইরে বের হতে দেখা যাচ্ছে না।

আজ দিনের যেকোনো সময় সেনাবাহিনীর সদস্যরা শহরে নামতে পারেন বলে ধারণা করা হচ্ছে। এদিকে চৈত্র মাস শুরু হওয়ার পর আজই প্রথম মেহেরপুরে কড়া রোদ পড়তে শুরু করেছে। বেলা বাড়ার সাথে সাথে মেহেরপুরের প্রধান সড়কগুলো একেবারে ফাঁকা অবস্থায় দেখা গেছে।

করোনা ভাইরাসের কারণে অনাড়ম্বরভাবে মহান স্বাধীনতা দিবস পালন মেহেরপুরে

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস আজ ২৬ মার্চ। বাঙালি জাতির জীবনে অনন্যসাধারণ একটি দিন। সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা জোগায় দিনটি।

১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে পাকিস্তানি হানাদার বাহিনী স্বাধিকারের দাবিতে জেগে ওঠা নিরীহ বাঙালির ওপর চালিয়েছিল নির্মম হত্যাযজ্ঞ। এরপর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রেপ্তারের আগমুহূর্তে ২৬ মার্চের প্রথম প্রহরে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।

স্বাধীনতার ঘোষণা ও মুক্তিযুদ্ধের সূচনার এই সময়টি জাতি নিবিড় আবেগের সঙ্গে স্মরণ করে। কিন্তু এবার এমন এক সময়ে ৪৯তম স্বাধীনতা দিবস সামনে এল, যখন নভেল করোনাভাইরাসের ব্যাপক সংক্রমণের কারণে বাংলাদেশসহ সারা বিশ্ব আক্রান্ত।

এই কারণে ৩১ বার তোপধ্বনি, শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ এবং জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে মেহেরপুরে অনাড়াম্বর পরিবেশে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে ৩১ বার তোপধ্বনির মধ্য দিয়ে দিবসের সূচনা করা হয়। পরে সূর্যোদয়ের সাথে সাথে মেহেরপুর শহীদ স্মৃতিসৌধ,জেলা পরিষদ প্রাঙ্গনে স্মৃতিসৌধ ও মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গণকবরে পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পক্ষে মেহেরপুর জেলা প্রশাসক ও পুলিশ সুপার সর্বপ্রথম পুষ্পমাল্য অর্পণ করেন। এরপর জেলা বাসীর পক্ষে জেলা প্রশাসক মোঃ আতাউল গনি এবং পুলিশের পক্ষে পুলিশ সুপার এসএম মুরাদ আলি পুষ্পমাল্য অর্পণ করেন।

সকাল ৮ টায় শহীদ স্মৃতিসৌধ প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। জেলা প্রশাসক মোঃ আতাউল গনি জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা উত্তোলন করেন।

এসময় জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শন করে সালাম প্রদান করা হয়। পুলিশ সুপার এসএম মুরাদ আলী, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, মোঃ মুস্তাফিজুর রহমান, হাসিবুল আলম, নেজারত ডেপুটি কালেক্টর মাহমুদুল হাসান প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে মেহেরপুরের স্বল্পসংখ্যক ভাবে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন ও পিপি পল্লব ভট্টাচার্য শহীদ স্মৃতি বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরে জেলা স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান এবং সকাল ১০ টার দিকে জেলা বিএনপি’র উদ্যোগে মাসুদ অরুন পৃথক পৃথকভাবে পুষ্প মাল্য অর্পণ করেন। করোনা ভাইরাসের কারণে এবার অনাড়ম্বরভাবে মহান স্বাধীনতা দিবস পালন করা হয়।

মুজিবনগরে অনাড়াম্বর পরিবেশে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত শহীদ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ এবং জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে মেহেরপুরে মুজিবনগরে অনাড়াম্বর পরিবেশে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয়েছে।

সকালে মুজিবনগর স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণের মধ্য দিয়ে দিবসের সূচনা করা হয়। পরে জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো ওসমান গনি জাতীয় পতাকা উত্তোলন করেন। এর আগে সকালে মুজিবনগর উপজেলা পরিষদের পক্ষ থেকে পুষ্প মাল্য অর্পণ করা হয়।

একসাথে দুজন চলাফেরা নিষিদ্ধ

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সামাজিক দূরত্ব বজায় রাখা ও ঘরে অবস্থান নিশ্চিত করতে আজ বৃহস্পতিবার থেকে ঢাকার রাস্তায় চলাচল নিয়ন্ত্রণ করবে পুলিশ।

এ সময় সেনাবাহিনীও মাঠে থাকবে। সরকারের নানা পরামর্শ আর নির্দেশনার পরেও মানুষের মধ্যে সচেতনতা আসেনি। বরং মানুষ ঘরে থাকার চেয়ে ছুটির মুডে ঘুরে বেড়াচ্ছেন। ধর্মতাত্বিকরা বারবার ঘরে বসে নামাজ পড়ার আহ্বান জানালেও কিছু ‘অতি ধার্মিক’ লোক দেখানোর জন্য মসজিদে যাচ্ছে। এভাবেই ছড়িয়ে পড়ছে করোনাভাইরাস।

প্রয়োজন ছাড়া কাউকে রাস্তায় থাকতে দেওয়া হবে না। কেউ বের হলে তাঁকে পুলিশের জেরার মুখে পড়তে হবে। তবে সংবাদপত্রসহ জরুরি সেবা আওতামুক্ত থাকবে।

নির্দেশনা অনুযায়ী আজ থেকে সারাদেশে একসাথে দুজন চলাফেরা করতে পারবে না কেউ। জরুরি কাজ ছাড়া কেউ বাড়ির বাইরে যেতে পারবে না। আর গেলেও তাকে জিজ্ঞাসাবের মুখোমুখি হতে হবে।

এমন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ও করোনা আক্রান্তদের চিকিৎসা নিশ্চিত করতে সারাদেশে সশস্ত্র বাহিনী নামানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। উপকূলীয় এলাকায় কাজ করবে নৌবাহিনী। জরুরি ওষুধ সরবরাহ ও চিকিৎসা নিশ্চিত করবে বিমান বাহিনী আর শহরগুলোতে সার্বিক নির্দেশনা বাস্তবায়ন করবে সেনাবাহিনী।